লেন্স এশিয়া

২৭ অক্টোবর, ২০২৫

# ডেঙ্গু ক্রমেই বাড়ছে, একদিনে ৯৮৩ জন হাসপাতালে ভর্তি, মৃত্যু ৬



সংগৃহীত ছবি

দেশে ডেঙ্গু পরিস্থিতি কঠিন থেকে কঠিনতর হচ্ছে। রোববার সকাল ৮টা থেকে সোমবার সকাল ৮টার মধ্যে নতুন করে ৯৮৩ জন রোগী হাসপাতালে ভর্তি হয়েছেন। একই সময়ে ৬ জন ডেঙ্গু রোগীর মৃত্যু হয়েছে। স্বাস্থ্য অধিদপ্তরের হেলথ ইমার্জেন্সি অপারেশন সেন্টার এই তথ্য নিশ্চিত করেছে।

বিভাগ অনুযায়ী হাসপাতালে ভর্তি রোগীর সংখ্যা: বরিশালে ১৪১, চট্টগ্রামে ১১১, ঢাকার শহরের বাইরে ১৭১, ঢাকা উত্তর সিটিতে ২২৭, ঢাকা দক্ষিণ সিটিতে ১৩৩, খুলনায় ৬২, ময়মনসিংহে ৪১, রাজশাহীতে ৭৮, রংপুরে ১২ এবং সিলেটে ৭ জন।

একই সময়ে ৯৭০ জন রোগী সুস্থ হয়ে হাসপাতাল থেকে ছাড়পত্র পেয়েছেন। চলতি বছরের জানুয়ারি থেকে এখন পর্যন্ত মোট ৬৩,৪১৪ জন ডেঙ্গু রোগী সুস্থ হয়েছেন।

স্বাস্থ্য অধিদপ্তরের তথ্যানুযায়ী, ২০২৫ সালের শুরু থেকে এখন পর্যন্ত ৬৬,৪২৩ জন রোগী ডেঙ্গুতে আক্রান্ত হয়ে হাসপাতালে ভর্তি হয়েছেন এবং এ পর্যন্ত ২৬৯ জনের মৃত্যু হয়েছে।

LENS ASIA